বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ২১৬ এ, তারিখঃ ২৮ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ / ১১ মে ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে জরুরী জামিন সংক্রান্ত বিষয়সমূহ নিস্পত্তি করার উদ্দেশ্যে ছুটিকালীন বিভাগীয় বিশেষ জজ, সাইবার ট্রাইব্যুনাল ও মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনালের কার্যক্রম পরিচালনাকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণ মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আগামী ১৬ মে, ২০২০ তারিখ পর্যন্ত সকল আদালতে ছুটি ঘোষণা করা হয়েছে।

২। উদ্ভূত পরিস্থিতিতে ছুটির সময়ে (সাপ্তাহিক ছুটি ও বাংলাদেশ সরকার কর্তৃক ২০২০ খ্রিস্টাব্দের বর্ষপঞ্জিতে ঘোষিত ছুটি ব্যতিত) বিভাগীয় বিশেষ জজ, সাইবার ট্রাইব্যুনালের বিচারক ও মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক-কে "আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার অধ্যাদেশ, ২০২০"(অধ্যাদেশ নং-০১, ২০২০) এবং অত্র কোর্ট কর্তৃক জারীকৃত "বিশেষ প্রাকটিস নির্দেশনা" অনুসরণ করতঃ শুধু জামিন সংক্রান্ত বিষয়সমূহ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে নিস্পত্তি করার উদ্দেশ্যে আদালতের কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। এই বিজ্ঞপ্তি গত ১০ মে ২০২০ তারিখে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ২১১ নং বিজ্ঞপ্তির পরিপূরক হবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে ।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বা/-
(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং- ২৭৬৩ এ, তারিখঃ ২৮ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ / ১১ মে ২০২০ খ্রিস্টাব্দ

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৩. বিভাগীয় বিশেষ জজ ............................ (সকল)
৪. বিচারক, সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল ............................ (সকল)
৫. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, ............................ (সকল)
৬. প্রধান বিচারপতির সচিব/ একান্ত সচিব বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৮. নোটিশ বোর্ড।

Aktaruzzaman
১১.০৫.২০২০

**(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

# আমার আদালত: ভার্চুয়াল কোর্টরুম ব্যবহার ম্যানুয়াল


(আইনজীবীদের জন্য)

mycourt.judiciary.gov.bd


Scanned with CamScanner

## নিবন্ধন

১.১ আমার আদালত ভার্চুয়াল কোর্ট সিস্টেমে রেজিস্ট্রেশন বা নিবন্ধন করতে যে কোন একটি ইন্টারনেট ব্রাউজারের এ্যাড্রেস বারে http://mycourt.judiciary.org.bd/ লিখে উক্ত সাইটে প্রবেশ করুন।নিম্নোক্ত ছবির মতো এটি পাতা আসবে।




১.২ 'নতুন নিবন্ধন' অপশনটিতে ক্লিক করুন।





১.৩ নিবন্ধন করতে আপনাকে আপনার মোবাইল নম্বর ইংরেজিতে, ইমেইল ঠিকানা ও পূর্ণ নাম প্রদান করতে হবে।* চিহ্নিত ঘরসমূহ পূরণ করা আবশ্যক।উক্ত ঘরসমূহ পূরণ করে নিচে থাকা নতুন নিবন্ধন অপশনটিতে ক্লিক করলে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন হবে এবং আপনার মোবাইলে একটি এসএমএস যাবে।উক্ত এসএমএস এর মাধ্যমে আপনাকে লগইন করার জন্য পাসওয়ার্ড বা পিনকোর্ড প্রদান করা হবে।এসএমএস পাওয়ার ২৪ ঘন্টার মধ্যে আপনাকে প্রথমবার লগইন করতে হবে।


Scanned with CamScanner

## লগইন

১.৪ আমার আদালত ভার্চুয়াল কোর্ট সিস্টেমে লগইন করতে যে কোন একটি ইন্টারনেট ব্রাউজারের এ্যাড্রেস বারে http://mycourt.judiciary.org.bd/ লিখে উক্ত সাইটে প্রবেশ করুন।নিম্নোক্ত ছবির মতো এটি পাতা আসবে।




১.৫ লগইন করতে আপনি মোবাইল নম্বর ও পাসওয়ার্ড প্রদান করুন।লগইন করলে নিম্নোক্ত ছবির মতো একটি পাতা আসবে।





১.৬ লগইন করার পর আপনি আপনার চাহিমামতো আবেদন নিয়ে কাজ করতে পারবেন।




Scanned with CamScanner

**পাসওয়ার্ড ভুলে গেলে**

১.৭ পাসওয়ার্ড ভুলে গেলে 'পাসওয়ার্ড পুনরুদ্ধার' অপশনটিতে ক্লিক করতে হবে।




১.৮ মোবাইল নম্বর প্রদান করে নতুন পাসওয়ার্ড প্রদান করতে হবে।




**লগআউট**

১.৯ ভার্চুয়াল কোর্ট সিস্টেম থেকে লগআউট হতে নিম্নোক্ত ছবিতে দেখানো লগআউট অপশনে ক্লিক করতে হবে।







Scanned with CamScanner

# অধ্যায় ২ : প্রোফাইল ব্যবস্থাপনা

২.১ প্রোফাইল ব্যবস্থাপনার জন্য আপনাকে লগইন করার পর 'প্রোফাইল' অপশনে ক্লিক করতে হবে।




২.২ প্রোফাইল অপশনে ক্লিক করলে নিম্নোক্ত ছবির মতো একটি পাতা আসবে।




২.৩ প্রোফাইল ব্যবস্থাপনা মেনু ব্যবহার করে আপনি আপনার তথ্য, ঠিকানা, ডকুমেন্টস, সংযুক্তি, কোর্ট থেকে গৃহীত ফাইল সংক্রান্ত বিষয়গুলো আপনার প্রোফাইলে যুক্ত করতে পারবেন।তাছাড়া এই মেনু ব্যবহার করে আপনি পাসওয়ার্ড পরিবর্তন করতে পারবেন।দাখিলকৃত আবেদনসমূহ ও আবেদনের অবস্থা সম্পর্কে জানতে পারবেন।তাছাড়া নতুন আবেদন করতে পারবেন।




Scanned with CamScanner


# অধ্যায় ৩ : জামিনের আবেদন

## জামিনের আবেদন দাখিল

৩.১ জামিনের আবেদন করার  জন্য আপনাকে লগইন করার জন্য 'আবেদনসমূহ' অপশন থেকে 'আসামীর জামিনের আবেদন' অপশনে ক্লিক করতে হবে।





৩.২ নিম্নোক্ত ছবির মতো একটি পাতা আসবে।




৩.৩ 'আবেদন করুন' অপশনটিতে ক্লিক করুন।নিম্নোক্ত ছবির মতো একটি পাতা আসবে।



Scanned with CamScanner



৩.৪ জামিনের জন্য আবেদন করতে হলে আপনাকে নির্ধারিত ফরমের ঘরগুলো পূরণ করতে হবে।ড্রপডাউন মেনু থেকে কোর্টের ধরন বাছাই করুন।তারপর কোর্টের নাম নির্ধারণ করে মামলা নম্বর প্রদান করুন।আইনজীবীর নাম ও আইনজীবীর মোবাইল নম্বর আপনাকে আলাদা করে পূরণ করতে হবে না। আপনি যে নাম ও মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করেছেন সেই তথ্যই স্বয়ংক্রিয়ভাবে এই ফরমে যুক্ত হবে।আপনি যদি রেজিস্ট্রেশনের সময় ইমেইল ঠিকানা পূরণ করে থাকেন তাহলে সেই ইমেইল ঠিকানাটি জামিন আবেদনের ফরমে যুক্ত হবে।আপনি চাইলে ইমেইল ঠিকানা পরিবর্তন করতে পারবেন।এছাড়াও আপনাকে বার এসোসিয়েশনের নাম এবং বারের মেম্বারশিপ নম্বর প্রদান করতে হবে।ফরমের সঙ্গে দুইটি ডিসক্লেইমার বক্স রয়েছে, এগুলোতে আপনাকে টিক চিহ্ন দিতে হবে।আবেদনের জন্য ২টি সংযুক্তি গুরুত্বপূর্ণ, ১টি আবেদনপত্র এবং আরেকটি ওকালতনামা।তবে ওকালতনামা পূর্বে দাখিল করা হয়ে থাকলে উক্ত বক্সে টিক দিলে নতুন করে দাখিল করতে হবে না।আপনি চাইলে অন্যান্য সাপোটিং ডকুমেন্ট যোগ করতে পারবেন।

৩.৫ ফাইল যুক্ত করার ক্ষেত্রে সর্বোচ্চ ফাইলের আকার ১০ মেগাবাইট।অনুমোদিত ফাইল এক্সটেনশান সমূহ: gif, png, jpg, jpeg, pdf

৩.৬ জামিনের যে আবেদনপত্রটি ফাইল আকারে যুক্ত করা হবে তাতে কোর্ট ফি যুক্ত করে কলমের কালি দিয়ে কেটে দিতে হবে।




Scanned with CamScanner

৩.৭ আবেদনপত্রের * চিহ্নিত ঘরগুলো আপনাকে অবশ্যই পূরণ করতে হবে. প্রয়োজনীয় ঘরগুলো পূরণপূর্বক সংযুক্তি ফাইল যুক্ত করার পর 'আবেদন প্রেরণ করুন' বাটনটি প্রেস করে আপনি জামিন আবেদন সাবমিট করতে পারবেন।আপনি চাইলে আবেদনটি তক্ষনাৎ প্রেরণ না করে ভবিষ্যতের জন্য সংরক্ষণ করতে পারবেন।

৩.৮ জামিন আবেদন দাখিল করা হলে আপনাকে একটি ট্র্যাকিং নম্বর প্রদান করা হবে। পরবর্তীতে আবেদনের অবস্থা জানতে আপনাকে এই ট্র্যাকিং নম্বর ব্যবহার করতে হবে।

## দাখিলকৃত আবেদনসমূহ

৩.৯ দাখিলকৃত আবেদনসমূহ দেখতে চাইলে আপনাকে 'আবেদন' অপশনে ক্লিক করতে হবে। 'দাখিলকৃত আবেদনসমূহ' মেনু থেকে আপনি দাখিলকৃত আবেদনসমূহ দেখতে পাবেন।





৩.১০ 'আবেদনের নাম' কলামে থাকা আবেদনসমূহে ক্লিক করলে আবেদন সম্পর্কে বিস্তারিত জানা যাবে। এখান থেকে আবেদনপত্রের প্রিভিউ দেখা যাবে এবং আবেদনপত্রের অবস্থা জানা যাবে।

Scanned with CamScanner

### আবেদনের অবস্থা জানুন

৩.১১ আবেদনের অবস্থা জানতে আপনাকে প্রোফাইল অপশনের 'আবেদনের অবস্থা জানুন' মেনুতে ক্লিক করতে হবে। আপনাকে মোবাইল ফোন নম্বর এবং ট্র্যাকিং নম্বর দিয়ে অনুসন্ধান করতে হবে।



### জামিন শুনানির তারিখ অবহিতকরণ

৩.১২ জামিন আবেদন প্রাপ্তির পর দাখিলকৃত কাগজপত্র যাচাইপূর্বক জামিন শুনানির তারিখ ও ভার্চুয়াল শুনানির লিংক পাঠানো হবে।এই বার্তা আবেদনকারীর ইমেইলে এবং 'মাইকোর্ট' সিস্টেমের প্রোফাইলে নোটিফিকেশন আকারে প্রেরণ করা হবে।




Scanned with CamScanner

ভার্চুয়াল শুনানির জন্য আমরা যে অ্যাপলিকেশনটি ব্যবহার করবো সেটির নাম Microsoft Teams. প্রথমে আমরা দেখবো ল্যাপটপ কিংবা ডেস্কটপ থেকে কিভাবে আমরা Microsoft Teams ডাউনলোড, ইন্সটল করতে পারি এবং Microsoft Teams ব্যবহার করে আমরা কিভাবে ভার্চুয়াল শুনাতিতে অংশ নিতে পারি।

## ৪.১ Microsoft Teams Desktop Application ডাউনলোড এবং শুনানিতে যোগদান


৪.১.১ প্রথমেই ভার্চুয়াল শুনানিতে অংশ নেয়ার জন্য ইমেইলে প্রাপ্ত লিঙ্কে ক্লিক করুন।



৪.১.২ লিঙ্কে ক্লিক করলেই আমাদের ব্রাউজারে নিম্নের উইন্ডোটি চলে আসবে। সেখানে Download The Desktop App লেখা অপশনটিতে ক্লিক করুন।





৪.১.৩ এখন আপনার ডিভাইসে Microsoft Teams ইন্সটল করার Run File ডাউনলোড হয়ে যাবে। Run File টি ক্লিক করে Teams ইন্সটল করে নিন।





৪.১.৪ Teams ইন্সটল হয়ে গেলে আপনার নাম লিখে Join Now এ ক্লিক করুন।




Scanned with CamScanner



৪.১.৫ অভিনন্দন! আপনি ভার্চুয়াল শুনানিতে জয়েন করে ফেলেছেন।




৪.১.৬ নিচের ছবিগুলোতে আপনার ক্যামেরা, মাইক্রোফোন চালু কিংবা বন্ধ করা, শুনানি চলাকালে চ্যাট উইন্ডো কিভাবে ওপেন করবেন এবং শুনানিতে কারা অংশ নিচ্ছেন সেটি দেখার অপশনগুলো দেখানো হল।





## ৪.২ Teams ডাউনলোড না করে শুধুমাত্র ব্রাউজার থেকে শুনানিতে যোগদান


৪.২.১ প্রথমেই ভার্চুয়াল শুনানিতে অংশ নেয়ার জন্য আমরা ইমেইলে প্রাপ্ত লিঙ্কে ক্লিক করুন।




Scanned with CamScanner



৪.২.২ লিঙ্কে ক্লিক করলেই আপনার ব্রাউজারে নিম্নের উইন্ডোটি চলে আসবে। সেখানে join on the web instead লেখা অপশনটিতে ক্লিক করুন।





৪.২.৩ মাইক্রোফোন এক্সেস নিশ্চিত করার জন্য Allow অপশনে ক্লিক করুন।





Scanned with CamScanner


৪.২.৪ আপনার নাম লিখে Join Now এ ক্লিক করুন।



৪.২.৫ অভিনন্দন! আপনি ভার্চুয়াল শুনানিতে জয়েন করে ফেলেছেন।




৪.২.৬ নিচের ছবিগুলোতে আপনার ক্যামেরা, মাইক্রোফোন চালু কিংবা বন্ধ করা, শুনানি চলাকালে চ্যাট উইন্ডো কিভাবে ওপেন করবেন এবং শুনানিতে কারা অংশ নিচ্ছেন সেটি দেখার অপশনগুলো দেখানো হল।







Scanned with CamScanner

## ৪.৩ Microsoft Teams মোবাইল অ্যাপলিকেশন ডাউনলোড এবং শুনানিতে যোগদান

৪.৩.১ আপনার মোবাইলের Play Store/Apple Store এ Microsoft Teams সার্চ করুন এবং ইন্সটল করুন।




৪.৩.২ Teams ইন্সটল করে হয়ে গেলে ভার্চুয়াল শুনানিতে অংশ নেয়ার জন্য ইমেইলে প্রাপ্ত লিঙ্কে ক্লিক করুন।





৪.৩.৩ লিঙ্কে ক্লিক করলেই আপনার মোবাইলের Teams অ্যাপলিকেশন ওপেন হয়ে যাবে। সেখানে আপনার নাম লিখে Join as a guest অপশনে ক্লিক করুন।





Scanned with CamScanner

৪.৩.৪ মাইক্রোফোন এক্সেস নিশ্চিত করার জন্য Allow অপশন ক্লিক করুন।




৪.৩.৫ অভিনন্দন! আপনি ভার্চুয়াল শুনানিতে জয়েন করে ফেলেছেন।








Scanned with CamScanner

## অধ্যায় ৫ : বেইল বন্ড দাখিল

**৫.১ লগইন করার পর পরবর্তী** পেজে 'আবেদনসমূহ' শিরোনামে একটি পাতা আসবে। তাতে দুটি অপশন থাকবে। তার মধ্য থেকে **'বেইল বন্ড দাখিল'** অপশনে ক্লিক করতে হবে।





৫.২ বেইল বন্ড দাখিল অপশনটি ক্লিক করার পর একটা পাতা আসবে তাতে আবেদন সংশ্লিষ্ট তথ্য এবং পরবর্তী পাতায় থাকা আবেদন ফরম পূরণের নিয়মাবলি লিপিবদ্ধ থাকবে। তার উপরে ডানপাশে 'আবেদন করুন' নামে একটা অপশন থাকবে। বেইল বন্ড দাখিল করার জন্য তাতে ক্লিক করতে হবে




Scanned with CamScanner

**৫.৩ 'আবেদন করুন' অপশনে ক্লিক করার পর বেইল বন্ড দাখিল শিরোনামে একটি পেজে কিছু তথ্য দিয়ে ফরম পূরণ করতে হবে।**



## বেইল বন্ড দাখিল

| | |
|---|---|
| কোর্টের ধরন:* | চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট |
| কোর্টের নাম:* | চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট, ঢাকা |
| মামলা নম্বর:* | CR Misc 12345 of 2020 |
| জামিন আবেদনের নম্বর:* | 1 |
| আইনজীবীর নাম:* | Mahmudul Hoque Sany |
| আইনজীবীর মোবাইল নম্বর:* | 01825083414 |
| আইনজীবীর ই-মেইল:* | sanymahmudlaw18@gmail.com |
| বার এসোসিয়েশনের নাম:* | বার এসোসিয়েশন, ঢাকা |
| বারের মেম্বারশিপ নম্বর:* | 12345 |
| ডিসক্লেইমার:* | ✔ আমি এই মর্মে প্রত্যয়ন করছি যে, আবেদনের সাথে দেয়া সকল তথ্য ও সংযুক্তি সঠিক। অসত্য প্রমাণিত হলে আমি আইনত দায়বদ্ধ থাকব। |

**সংযুক্তি**

| | | |
|---|---|---|
| ১. বেইল বন্ড* | Screenshot_20200504-151435_Google | আপলোড |
| ২. রিলিজ অর্ডার* | | আপলোড |
| ৩. সাপোর্টিং ডকুমেন্ট | | আপলোড |

বেইল বন্ড*
রিলিজ অর্ডার*
বিনামূল্যে

**(ক) কোর্টের ধরন বক্সের অপশনে থাকা কোর্টের ধরনসমূহ থেকে প্রযোজ্য কোর্ট সিলেক্ট করতে হবে।**



Scanned with CamScanner

(খ) কোর্টের নাম অংশে অপশানে থাকা কোর্টসমূহ থেকে সংশ্লিষ্ট কোর্টের নাম সিলেক্ট করতে হবে।

(গ) মামলা নম্বর দিতে হবে।


(ঘ) জামিন আবেদনের নম্বর দিতে হবে।

(ঙ) এরপর আইনজীবীর নাম, মোবাইল নম্বর এবং ই-মেইল দিতে হবে।

(চ) অপশনে থেকে বার এসোসিয়েশনের নাম সিলেক্ট করতে হবে এবং বারের মেম্বারশিপ নম্বর দিতে হবে।

এসব তথ্য প্রদানের পর ডিসক্লেইমার অপশনে থাকা বক্সে ক্লিক এর মাধ্যমে ঠিক চিহ্ন দিয়ে প্রদানকৃত তথ্য ও সংযুক্তি সত্য বলে প্রত্যায়ন করতে হবে।


৫.৪ একটু নিচে থাকা সংযুক্তি অংশে বেইল বন্ড ও রিলিজ অর্ডার আপলোড করার অপশন আছে।বেইল বন্ড অপশনের ডানপাশে থাকা 'আপলোড'এ ক্লিক দিলে ফাইল আপলোড করার জন্য একটি গেটওয়ে আসবে।তাতে তিনটি অপশন থাকবে।যথা —নতুন ফাইল যুক্ত করুন, সংযুক্তি, কোর্ট থেকে প্রেরিত ফাইল।




নতুন ফাইল যুক্ত করুন অপশনে ক্লিক দিলে 'ফাইল যুক্ত করুন' নামে একটা বক্স আসবে তাতে ক্লিক দিয়ে মোবাইল অথবা কম্পিউটার ডিভাইসে থাকা বেইল বন্ডের স্ক্যান কপি অথবা ছবি সিলেক্ট করতে হবে।মনে রাখতে হবে বেইল বন্ডের ফাইল ১০ মেগাবাইটের বেশি হবেনা এবং gif, png, jpg, jpeg, pdf আকারে থাকা ফাইলই কেবল আপলোড করা যাবে।

Scanned with CamScanner


সংযুক্তি অপশনে ক্লিক দিয়ে পূর্বে সংযুক্ত করা ফাইল ব্যবহার করা যাবে।




রিলিজ অর্ডারও এভাবে একই নিয়মে আপলোড করতে হবে।অন্যান্য সাপোর্টিং ডকুমেন্ট থেকে থাকলে তাও বেইল বন্ড এর মত করে আপলোড করা যাবে।


Scanned with CamScanner

৫.৫ **এভাবে বেইল বন্ড, রিলিজ অর্ডার** এবং অন্যান্য সাপোর্টিং ডকুমেন্ট আপলোড করার পর বেইল বন্ড দাখিল পেইজের নিচের অংশে **'আবেদন প্রেরণ করুন'** অপশনে ক্লিক দিয়ে আবেদন প্রেরণ করা যাবে এবং 'ভবিষ্যতের জন্য সংরক্ষণ করুন' অপশনে ক্লিক দিয়ে **বেইল বন্ড আবেদন** সংক্রান্ত তথ্য সংরক্ষণ (s a v e ) করে রাখা যাবে।




৫.৬ আবেদন প্রেরণ করুন অপশনে ক্লিক দিলে পূরণকৃত ফরমের তথ্য সম্বলিত একটি পেজ আসবে।এর নিচে বাতিল করুন, প্রিন্ট করুন ও আবেদন প্রেরণ করুন নামে তিনটি অপশন থাকবে।প্রিন্ট অপশনে ক্লিকের মাধ্যমে পেজটি প্রিন্ট করে নেয়া যাবে।আবেদন প্রেরণ করার জন্য 'আবেদন প্রেরণ করুন' অপশনে ক্লিক দিতে হবে।

Scanned with CamScanner



## বেইল বন্ড দাখিল

| | |
|---|---|
| মামলা নম্বর * | CR Misc 12345 of [illegible] |
| জামিন আবেদনের নম্বর * | 1 |
| আইনজীবীর নাম * | Mahmudul Hoque Sany |
| আইনজীবীর মোবাইল নম্বর:* | 01825083414 |
| আইনজীবীর ই-মেইল:* | sanymahmudlaw18@gmail.com |
| বার এসোসিয়েশনের নাম:* | বার এসোসিয়েশন, ঢাকা |
| বারের মেম্বারশিপ নম্বর:* | 12345 |
| ডিসক্লেইমার:* | ✔ আমি এই মর্মে প্রত্যয়ন করছি যে, আবেদনের সাথে দেয়া সকল তথ্য ও সংযুক্তি সঠিক। অসত্য প্রমাণিত হলে আমি আইনত দায়বদ্ধ থাকব। |

**সংযুক্তি**

| | |
|---|---|
| ১. বেইল বন্ড* | Screenshot_20200504-151435_Google |
| ২. রিলিজ অর্ডার* | |
| ৩. সাপোর্টিং ডকুমেন্ট | |

বাতিল | প্রিন্ট | আবেদন প্রেরণ করুন

৩. সাপোর্টিং ডকুমেন্ট

আপলোড


+ অতিরিক্ত সাপোর্টিং ডকুমেন্ট যোগ করুন



Scanned with CamScanner

এভাবেই বেইল বন্ড, রিলিজ অর্ডার প্রেরণ সম্পন্ন হবে সাথে সাথে ওপরেকটি পেজে আসবে তাতে স্বয়ংক্রিয় ভাবে দাখিলকৃত আবেদনসমূহের তথ্য দেখা যাবে।

৫.৭ আদালতে আবেদন গৃহীত হলে সংশ্লিষ্ট আইনজীবীর মোবাইলে মেসেজের মাধ্যমে তা নিশ্চিত করা হবে এবং আবেদনের





ট্র্যাকিং নম্বর পাঠিয়ে দেয়া হবে।



Scanned with CamScanner

উক্ত মোবাইল নম্বর ও উক্ত ট্র্যাকিং নম্বর ব্যবহার করে 'আবেদনের অবস্থা জানুন' অপশনে ক্লিক দিয়ে আইনজীবী তাঁর আবেদনের বর্তমান অবস্থা জানতে পারবেন।



মোবাইল

০১৮২০০৮৩৪১৪

আবেদনপত্রের ট্র্যাকিং নম্বর

১০২

অনুসন্ধান করুন

আবেদন গৃহীত | কার্যক্রম চলমান | জামিনের আদেশ

বেইল বন্ড দাখিল

আবেদনপত্রের নম্বর, ০০০৪৬৯.০০১৩৯৭৭.২০২০০৫০৪.৬

বর্তমান অবস্থা: আবেদন গৃহীত, ০৪-০৫-২০২০ ইং ২১:৫৪

দপ্তর, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট, ঢাকা

বর্তমান ডেস্ক: পেশকার, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর দপ্তর

| | অবস্থা | তারিখ এবং সময় |
|---|---|---|
| ১ | খসড়া সংরক্ষিত | ০৪-০৫-২০২০ ইং ২১:৫৪ |
| ২ | প্রেরণ করা হয়েছে | ০৪-০৫-২০২০ ইং ২১:৫৪ |
| ৩ | আবেদন গৃহীত | ০৪-০৫-২০২০ ইং ২১:৫৪ |

● আবেদন গৃহীত ● কার্যক্রম চলমান ● জামিনের আদেশ

পরিকল্পনা ও বাস্তবায়নে | কপিরাইট © ২০২০ সর্বস্বত্ব সংরক্ষিত | কারিগরি সহযোগিতায়

ICT | bd



Scanned with CamScanner

ধন্যবাদ



Scanned with CamScanner